"ছেলে হোক, মেয়ে হোক
দুটি সন্তানই যথেষ্ট"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, কক্সবাজার
www. fpo.coxsbazar.gov.bd

স্মারক নং-জেপপ/কক্স/২৩/৫১

তারিখ : ১৬.০১.২০২৩ খ্রিষ্টাব্দ

# নিয়োগপত্র

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ০৮.০৮.২০১৯ খ্রিষ্টাব্দ তারিখের ৫৯.০০.০০০০.১১০.১১.০১৪.১৭-২৭০ নং স্মারকমূলে প্রাপ্ত ছাড়পত্র, পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ০৯.০২.২০২০ খ্রিষ্টাব্দ তারিখের ৫৯.১১.০০০০.১৫০.০১১.০০৬.২০১৯-২৭০ সংখ্যক স্মারকের পদ বিভাজন এবং ০৩ জানুয়ারি ২০২৩ খ্রিষ্টাব্দে অনুষ্ঠিত জেলা পরিবার পরিকল্পনা ১৫-২০তম গ্রেডের জনবল নিয়োগ/বাছাই কমিটি, কক্সবাজার-এর সভার সিদ্ধান্ত মোতাবেক নিয়োগের যথাযথ প্রক্রিয়া ও ধাপসমূহ প্রতিপালনপূর্বক নিম্নবর্ণিত ০৩ (তিন) জন প্রার্থীকে নিম্নোক্ত শর্তসাপেক্ষে জাতীয় বেতনস্কেল ২০১৫ এর ১৫নং গ্রেডে ৯৭০০-২৩৪৯০/- টাকার স্কেলে '**পরিবার পরিকল্পনা সহকারী**'-এর শূন্যপদে রাজস্বখাতে অস্থায়ীভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো :

**পদের নাম : পরিবার পরিকল্পনা সহকারী**

| ক্রম | রোল নম্বর | নাম, পিতার নাম ও মাতার নাম | স্থায়ী ঠিকানা | নিয়োগকৃত কর্মস্থল |
|---|---|---|---|---|
| ১. | ১৪০৬১০৮২৮ | নাম : মোজাহিদুল ইসলাম<br>পিতা : শামশুল ইসলাম<br>মাতা : রেহেনা বেগম | গ্রাম : রোমাই পাড়া, ডাকঘর : কুতুবদিয়া, উপজেলা: কুতুবদিয়া, জেলা: কক্সবাজার | উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, পেকুয়া, কক্সবাজার |
| ২. | ১৪০৬১৩২২৬ | নাম : করুনাময়ী পাল<br>পিতা : কমল হরি পাল<br>মাতা : রেখা পাল | গ্রাম : বৈদ্যঘোনা, রামকৃষ্ণ মিশনের উত্তর পাশে, ডাকঘর : কক্সবাজার, উপজেলা : কক্সবাজার সদর, জেলা : কক্সবাজার | উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, মহেশখালী, কক্সবাজার |
| ৩. | ১৪০৬১৩৪৩৬ | নাম : কায়চারুল করিম<br>পিতা : আবুল ফজল<br>মাতা : জন্নাতুল ফেরদৌস | গ্রাম : ফকিরা ঘোনা, ডাকঘর : বড়মহেশখালী, উপজেলা : মহেশখালী, জেলা : কক্সবাজার | উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, টেকনাফ, কক্সবাজার |

শর্তাবলী :

১) যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে;

২) নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণ যোগদানের তারিখ হতে ০২ (দুই) বৎসরের জন্য শিক্ষানবিশ হিসাবে কর্মরত থাকবেন। শিক্ষানবিশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তার আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই, তবে নিয়োগকারী কর্তৃপক্ষ কোনো রকম কারণ দর্শানো ছাড়াই তাদের চাকরির অবসান ঘটাতে পারবেন। শিক্ষানবিশকাল ০২ (দুই) বৎসর অতিক্রান্ত হওয়ার পর সন্তোষজনক চাকরির রেকর্ডের ভিত্তিতে ও প্রার্থীর আবেদনের প্রেক্ষিতে বিধি মোতাবেক চাকরি স্থায়ী করা হবে;

৩) নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণকে শারীরিক উপযুক্ততার জন্য নিজ ব্যবস্থাপনায় সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্যসনদপত্র এবং ডোপটেস্ট রিপোর্ট যোগদানপত্রের সাথে দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদন/ডোপ টেস্টে কোনো বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে এমন প্রমাণিত বা প্রতীয়মান হলে কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন;

৪) যোগদানের সময় ০৪ (চার) সেট পুলিশ ভেরিফিকেশন ফর্ম পূরণপূর্বক সংশ্লিষ্ট যোগদানপত্র গ্রহণকারী কর্মকর্তার নিকট দাখিল করতে হবে;

৫) কোনো প্রার্থী তথ্য গোপন করে অসদুপায় অবলম্বন করেছেন অথবা মিথ্যা তথ্য প্রদান করেছেন মর্মে প্রতীয়মান হলে নিয়োগ প্রক্রিয়ার যেকোনো পর্যায়ে উক্ত প্রার্থীর নিয়োগ বাতিল করার ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং পুলিশ প্রতিবেদনে কোনো বিরূপ মন্তব্য পাওয়া গেলে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

৬) কোনো সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/সংস্থায় কর্মরত থাকলে যোগদানের সময় উক্ত প্রতিষ্ঠানের ছাড়পত্র দাখিল করতে হবে। অন্যথায় প্রমাণ পাওয়া গেলে তাঁর নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

৭) চাকরিতে যোগদানের সময় তাঁর লিখিত পরীক্ষার প্রবেশপত্র, অনলাইন আবেদনের প্রিন্ট কপি, শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয়তা সনদ/নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয়পত্র, কোটাসংক্রান্ত সনদপত্র, চারিত্রিক সনদপত্র ইত্যাদির মূলকপি এবং ০১ (এক) সেট সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে। কোনো গরমিল পাওয়া গেলে অথবা কোনো তথ্য গোপন করা হলে প্রার্থীর নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

৮) এ নিয়োগপত্রে কোনো শর্ত সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকরির বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে;

৯) বাংলাদেশ গেজেট এস.আর.ও. নং ৩৬৯-আইন/২০১৫ তারিখ ১৫ ডিসেম্বর, ২০১৫ এর বিধি-বিধান পালনসাপেক্ষে পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন রাজস্বখাতে নির্ধারিত বাজেট বরাদ্দ হতে বেতন ও ভাতাদি প্রাপ্য হবেন; এবং

১০) উপর্যুক্ত শর্তাবলীর আওতায় এ নিয়োগপত্র গ্রহণে সম্মত থাকলে আগামী **০১.০২.২০২৩** তারিখে নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলের সংশ্লিষ্ট উপজেলার **উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা** বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন মর্মে ধরে নেওয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

বি: দ্র: চাকরিতে যোগদানের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৫/০১/২৩

ডা: পিন্টু কান্তি ভট্টাচার্য্য
উপপরিচালক (ভারপ্রাপ্ত)
পরিবার পরিকল্পনা, কক্সবাজার
ফোন : ০২৩৩৪৪-৬৩৭৩৬
e-mail: ddcoxsbazar@dgfp.gov.bd

স্মারক নং-জেপপ/কক্স/২৩/৫১ তারিখ : ১৬.০১.২০২৩ খ্রিষ্টাব্দ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক (গ্রেড-১), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
৩. পরিচালক/লাইন ডাইরেক্টর (সকল), ...................................., পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
৪. পরিচালক, পরিবার পরিকল্পনা, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৫. জেলা প্রশাসক, কক্সবাজার ও সভাপতি, জেলা পরিবার পরিকল্পনা ১৫-২০তম গ্রেডের জনবল নিয়োগ/বাছাই কমিটি, কক্সবাজার।
৬. সিভিল সার্জন, কক্সবাজার ও সদস্য, জেলা পরিবার পরিকল্পনা ১৫-২০তম গ্রেডের জনবল নিয়োগ/বাছাই কমিটি, কক্সবাজার।
৭. উপপরিচালক (পার্সোনেল), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
৮. সহকারী পরিচালক (পার-১), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
৯. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, .............................., কক্সবাজার।
১০. উপজেলা নির্বাহী অফিসার, .................................., কক্সবাজার।
১১. জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কক্সবাজার।
১২. ডিস্ট্রিক্ট কনসালটেন্ট (এফপিসিএস-কিউআইটি), কক্সবাজার।
১৩. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ............................., কক্সবাজার **[তাঁর নিয়ন্ত্রণাধীন উপজেলায় যোগদানকৃত পরিবার পরিকল্পনা সহকারীদের তালিকা ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো]** ।
১৪. মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), .........................................., কক্সবাজার
১৫. উপজেলা হিসাবরক্ষণ অফিসার, .................................., কক্সবাজার।
১৬. জনাব/বেগম : .............................................................., পিতার নাম : ..........................................................
গ্রাম : ..............................................................., ডাকঘর : ..............................................................
উপজেলা : ................................................................., জেলা : কক্সবাজার।
১৭. অফিস নথি।

১৫/০১/২৩

উপপরিচালক
পরিকল্পনা পরিকল্পনা, কক্সবাজার